# ইউনিট ৪ ধারাবাহিক মূল্যায়ন পদ্ধতি

## ভূমিকা

শিশুকাল মানব জীবনের একটা গুরুত্বপূর্ণ অংশ। সেটা খেলাধুলাই হোক আর সাধারণ শিক্ষাই হোক। মূল্যায়নের মাধ্যমেই শিক্ষার্থীর লেখাপড়ার পরিমাণ করা হয়। যেহেতু সাধারণ শিক্ষার এক অবিচ্ছেদ্য অংশ হিসাবে শারীরিক শিক্ষা পাঠ্যক্রমে অন্তর্ভুক্ত হয়েছে সেহেতু শারীরিক শিক্ষার মূল্যায়ন অপরিহার্য। শারীরিক শিক্ষা ক্লাশে শিশু কতখানি কি শিখেছে এবং সারা বছরে কি ধরনের দক্ষতা অর্জন করেছে তা মূল্যায়ন করা প্রয়োজন। প্রত্যহ পাঠ শেষে, মাসিক এবং বাৎসরিক পরীক্ষা শেষে এর মূল্যায়ন করা যেতে পারে।

পাঠের সুবিধার জন্য এ ইউনিটটিকে দুইটি পাঠে ভাগ করা হয়েছে।

**পাঠ- ১ঃ প্রত্যহ পাঠ শেষে মূল্যায়ন**


**পাঠ- ২ঃ সাময়িক বা বাৎসরিক মূল্যায়ন**

## পাঠ ১ প্রত্যহ পাঠ শেষে মূল্যায়ন

**উদ্দেশ্য**

এই পাঠ শেষে আপনি–

- পর্যবেক্ষনের মাধ্যমে মূল্যায়ন করতে পারবেন এবং
- প্রশ্ন করে মূল্যায়ন করতে পারবেন।



### প্রত্যহ পাঠ শেষে মূল্যায়ন

প্রতিটি পাঠ শেষ হলে শিশুকে মূল্যায়ন করা যায়। মূল্যায়ন নিম্নলিখিতভাবে করা যায়।

**ক) পর্যবেক্ষনের মাধ্যমে (শিক্ষক কর্তৃক)**

- অনুশীলনের সময় শিক্ষার্থীর আগ্রহ, উদ্যোগ, সাধণা, মনোযোগ, একাগ্রতা, শৃঙ্খলা বোধের মাত্রা লক্ষ্য করে।
- ছোট থেকে বড় বা সহজ থেকে কঠিনতম কাজের প্রতি শিশুর আগ্রহও অনুসন্ধিৎসা অবলোকন করে।
- শিশুর বাহ্যিক স্বাস্থ্যোন্নতি ও কার্যদক্ষতা লক্ষ্য করে।
- ক্লাশের পূর্বে ও পরে অনুশীলনের দক্ষতা দেখে।
- ক্লাসের অন্যান্যদের সাথে শিশুর কথা-বার্তা, চাল-চলন, ব্যবহার, দায়িত্ববোধ ও দলীয় মনোভাব লক্ষ্য করে।

**খ) শিক্ষার্থীকে প্রশ্ন করার মাধ্যমে**

- আজকে যে খেলাগুলোর নাম শুনলে তার মধ্য থেকে ৩ টির নাম বল।
- বিনোদনমূলক তিনটি খেলার নাম বল।
- ড্রিল দ্বারা কি উপকার হয়?
- রুমাল চোর খেলাটি কিভাবে খেলতে হয় বল।

**গ) নিরাময়মূলক ব্যবস্থার মাধ্যমে**

- ভুল-নির্ভুলের তুলনামূলক নমুনা প্রদর্শন করে।
- যারা বার বার ভুল করছে তাদের জন্য অতিরিক্ত সময় ব্যয় করে।

**ঘ) শিক্ষকের আত্ম জিজ্ঞাসার মাধ্যমে**

- পাঠের উদ্দেশ লাভে শিক্ষক শিশুদের সর্বাত্মকভাবে সাহায্য করেছে কিনা।
- শিশুর ব্যক্তিগত শারীরিক দক্ষতা বিকাশের সুযোগ সৃষ্টি করেছে কিনা।
- ব্যায়ামগুলি কি শিক্ষার্থীদের জন্য উপভোগ্য ও উপকারী ছিল?
- শিশুরা স্বাধীনভাবে আপন সামর্থ্য অনুযায়ী অনুশীলনের সুযোগ পেয়েছে কিনা?

### পাঠোত্তর মূল্যায়ন- ১

**অ) শূন্যস্থান পূরন**

১. প্রত্যহ পাঠ শেষে মূল্যায়নের প্রথম পদ্ধতিটি হলো ............... ।
২. প্রত্যহ পাঠ শেষে মূল্যায়ন ................. প্রকারে করা হয়েছে।

**আ) সংক্ষিপ্ত উত্তরমূলক প্রশ্ন**

১. শারীরিক শিক্ষা ক্লাশের বাৎসরিক মূল্যায়ন পদ্ধতি বর্ণনা করুন।
২. প্রতিদিন পাঠ শেষে শারীরিক শিক্ষা মূল্যায়ন কিভাবে করা যায়।
৩. শারীরিক শিক্ষা মূল্যায়নের প্রয়োজন কেন?

### সঠিক উত্তর

অ) ১। পর্যবেক্ষনের মাধ্যমে, ২। চার।


## পাঠ ২ সাময়িক বা বাৎসরিক মূল্যায়ন

**উদ্দেশ্য**

এই পাঠ শেষে আপনি–

- শিক্ষার্থীকে সাময়িকভাবে মূল্যায়ন করতে পারবেন এবং
- শিক্ষার্থীকে বছরের শেষে মূল্যায়ন করতে পারবেন।

**সাময়িক বা বাৎসরিক মূল্যায়ন**



(শিক্ষক কর্তৃক) শিক্ষার্থীকে সামকি বা বাৎসরিক মূল্যায়ন করার পদ্ধতিকে চারটি ভাগে ভাগ করা হয়েছে।

**ক. ব্যবহারিক পদ্ধতি**

- সরঞ্জামসহ ও সরঞ্জাম বিহীন একক ব্যায়াম বা খেলাধুলার জন্য নির্দিষ্ট সময়ের মধ্যে সাধ্যমত কঠিন ও উন্নতমানের নতুন নতুন খেলা দেখানো।
- দলীয় খেলাখুলার জন্য নির্দিষ্ট খেলায় ব্যক্তিগত ও দলীয় কলাকৌশল প্রদর্শন।

**খ. মৌখিক পদ্ধতি**

শ্রেণীকক্ষে শেখানো তত্ত্বীয় বিভিন্ন ধরনের পাঠের নমুনা অনুযায়ী বিভিন্ন খেলার নাম, ইতিহাস, নিয়মাবলী, মাঠের পরিমাপ, সংগঠন প্রণালী, কলাকৌশল ইত্যাদি সম্বন্ধে প্রশ্ন করার মাধ্যমে।

**গ. রেকর্ডস পরীক্ষা**

বিভিন্ন ধরনের রেকর্ডসের মাধ্যমে সাময়িক বা বাৎসরিক মূল্যায়ন করা হয়ে থাকে। যেমন:

- শারীরিক শিক্ষা ক্লাশে উপস্থিতির হার।
- খেলাধুলার দক্ষতামূলক সনদপত্র।
- আন্তঃ শ্রেণী, আন্তঃ হাউজ ও আন্তঃ স্কুল প্রতিযোগিতায় অংশ গ্রহণের মাধ্যমে।
- অর্জিত কৃতিত্বের মাধ্যমে।
- উচ্চতা ও ওজনের রেকর্ড থেকে।
- স্বাস্থ্য কার্ড পরীক্ষার মাধ্যমে।

**ঘ. নম্বর বন্টনের মাধ্যমে**

- আনুষ্ঠানিক ব্যবহারিক পরীক্ষার প্রাপ্ত নম্বর।
- সারা বছর শারীরিক শিক্ষা ক্লাশে উপস্থিতির হার।
- বাৎসরিক ক্রীড়া প্রতিযোগিতায় অংশগ্রহণ ও অর্জিত কৃতিত্ব।
- স্বাস্থ্য বিধি পালনের অভ্যাস।

## স্বাস্থ্যবিধি সংক্রান্ত স্বাস্থ্য কার্ডের নমুনা দেওয়া হলো।

### "স্বাস্থ্য কার্ডের নমুনা"

(বিদ্যালয়ের বিভিন্ন স্তরের ছেলে-মেয়েদের জন্য প্রয়োজনমত পূরণ করে নিতে হবে।)

বিদ্যালয়ের নাম ও ঠিকানা: ..........................................................

.............................. ছাত্র/ছাত্রীর নাম: ........................................

বয়স: ...................... শ্রেণী:...................... শাখা: .......................

ক্রমিক নম্বর: .....................

| ক্রমিক নং | বিষয় | ভর্তির সময় | প্রথম সাময়িকী তারিখ | দ্বিতীয় সাময়িকী তারিখ | তৃতীয় সাময়িকী তারিখ | বছরের শেষ পর্যায় তারিখ |
|---|---|---|---|---|---|---|
| ১. | উচ্চতা | | | | | |
| ২. | ওজন | | | | | |
| ৩. | শারীরিক দক্ষতার মান | | | | | |
| ৪. | খেলার (গেইমস) মান | | | | | |
| ৫. | ব্যায়াম এর মান | | | | | |
| ৬. | সাঁতারের মান | | | | | |
| ৭. | দৌড়, ঝাঁপ ও নিক্ষেপ এর মান | | | | | |
| ৮. | স্কাউটিং বা কাবিং এর মান | | | | | |
| ৯. | জুনিয়র ক্যাডেটের মান ও কৃতিত্ব | | | | | |
| ১০. | খেলাধুলার স্বাভাবিক আগ্রহ | | | | | |
| ১১. | পরিষ্কার ও পরিচ্ছন্নতা | | | | | |
| ১২. | নেতৃত্ব ও সংগঠন ক্ষমতা | | | | | |
| ১৩. | সাধারণ স্বাস্থ্য | | | | | |
| ১৪. | সামাজিক আচার ব্যবহার | | | | | |
| ১৫. | সংশ্লিষ্ট শিক্ষকের মন্তব্য | | | | | |
| ১৬. | স্কুল চিকিৎসকের মন্তব্য ও দস্তখত শেখানোর জন্য প্রযোজ্য | | | | | |
| ১৭. | প্রধান শিক্ষকের মন্তব্য দস্তখত ও তারিখ | | | | | |
| ১৮. | অভিভাবকের দস্তখত ও তারিখ | | | | | |

## পাঠোত্তর মূল্যায়ন- ২

### আ) সংক্ষিপ্ত উত্তরমূলক প্রশ্ন

১. সাময়িক ও বাৎসরিক মূল্যায়ন কত প্রকারে করা যায়।
২. মৌখিক পদ্ধতি দ্বারা মূল্যায়ন ব্যাখ্যা কর।
৩. আন্তঃ হাউজ প্রতিযোগিতা কি?

## চূড়ান্ত মূল্যায়ন

### অ) বহু নির্বাচনী প্রশ্ন

সঠিক উত্তর নির্দেশমূলক অক্ষরটিকে বৃত্তায়িত করুন। (উদাহরণ: আপনার নির্বাচিত উত্তরটি ক হলে এক (ক) বৃত্তায়িত করুন)।

১. নিরাময়মূলক ব্যবস্থাটি কোন মূল্যায়নের অন্তর্গত?
   ক. সাধারণ মূল্যায়ন
   খ. বিশেষ মূল্যায়ন
   গ. প্রত্যহ পাঠ শেষে মূল্যায়ন
   ঘ. বাৎসরিক মূল্যায়ন।

২. সরঞ্জামসহ ও সরঞ্জামবিহীন একক ব্যায়াম কোন পদ্ধতির অন্তর্ভুক্ত?
   ক. ব্যবহার পদ্ধতি
   খ. মৌখিক পদ্ধতি
   গ. বক্তৃতা পদ্ধতি
   ঘ. প্রদর্শন পদ্ধতি।

৩. কোনটি রেকর্ডস পরীক্ষার অন্তর্ভুক্ত?
   ক. ব্যক্তিগত কলাকৌশল প্রদর্শন
   খ. স্বাস্থ্য কার্ড পরীক্ষা
   গ. দলীয় কলাকৌশল প্রদর্শন
   ঘ. বিভিন্ন খেলার কলাকৌশল জানা।

### আ) সংক্ষিপ্ত উত্তরমূলক প্রশ্ন

১. শিক্ষক পর্যবেক্ষণের মাধ্যম কিভাবে মূল্যায়ন করে থাকেন?
২. রেকর্ডস পরীক্ষার মাধ্যমে শিক্ষক কিভাবে বাৎসরিক মূল্যায়ন করে থাকেন?

## সঠিক উত্তর

অ) ১। গ, ২। ক, ৩। খ।